দৈনিক বাংলা

তারিখ 1 9 OCT 1985
পৃষ্ঠা 1 কলাম 5

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩৪

# মেডিক্যাল কলেজে ৩০ দিন ছুটি ঘোষণা

(স্টাফ রিপোর্টার)

মেডিক্যাল কলেজগুলিতে আজ রোববার থেকে ছুটি আরও ৩০ দিন বাড়িয়ে দেয়া হয়েছে। পূজোর ছুটি শেষে আজই মেডিক্যাল কলেজগুলি খোলার কথা ছিল। ছাত্রছাত্রীদের গতকাল বিকাল ৪টার মধ্যে হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

মেডিক্যাল কলেজগুলির অধ্যক্ষরা এ খবর জানান।

এদিকে মেডিক্যাল ছাত্রছাত্রীরা কেন্দ্রীয় মেডিক্যাল ছাত্র ঐক্য পরিষদের আহবানে ৬ দফা দাবীতে ৮ই অক্টোবর থেকে ধর্মঘট করছেন। ধর্মঘটের মধ্যেই পূজোর ছুটি ঘোষিত হয়।

মেডিক্যাল কলেজ বন্ধ করার প্রতিবাদে মেডিক্যাল কলেজের ছাত্র ছাত্রীরা আজ রোববার বেলা ১১টায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের আউটডোরে অনশন শুরুর কর্মসূচী নিয়েছে।

মেডিক্যাল কলেজসমূহ বন্ধ ঘোষণার প্রতিবাদ জানিয়ে গতকাল কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ, কেন্দ্রীয় ইন-সার্ভিস ট্রেইনী চিকিৎসক পরিষদ, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (খালেকুজ্জামান) ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কর্মকর্তাগণ বিবৃতি দিয়েছেন।